গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২৪তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জাকিয়া সুলতানা**<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৬ নভেম্বর, ২০২১ খ্রি. |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে এনপিও মহাপরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব মুহম্মদ মেসবাহুল আলম সভায় কার্যপত্র উপস্থাপন করেন । অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ** | গত ২৩ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২৩তম সভার কার্য-বিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে একমত পোষণ করেন। | বিগত ২৩ তম সভার কার্যবিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ২ | **এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত** | মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এনপিও'র খসড়া নিয়োগ বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির সভা গত ১৫/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভায় এনপিও'র প্রস্তাবিত ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২১ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের সুপারিশ করা হয়েছে । তিনি সভাকে আরো অবহিত করেন যে, বর্ণিত বিষয়টি আগামী প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে সরাসরি যোগাযোগ করেন ।<br><br>সভাপতি এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্তকরণসহ অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য মহাপরিচালক, এনপিও কে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে গত ০৪/১১/২০২১ তারিখে মহাপরিচালক, এনপিও সাক্ষাৎ করেন মর্মে সভাকে অবহিত করেন। ডিএজি মামলাটি দ্রুত সময়ে শুনানির তালিকায় অন্তর্ভুক্ত করা হবে মর্মে জানান। সভাপতি অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য প্রয়োজনে আবারও কথা বলার আগ্রহ প্রকাশ করেন। তিনি আরো বলেন, মামলাটি দ্রুত নিষ্পত্তি করা হলে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মাধ্যমে অন্যান্য অফিস স্থানান্তর করা যাবে মর্মে মতামত ব্যক্ত করেন ।<br>সভাপতি মামলাটি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির জন্য পুনরায় অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে যোগাযোগ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন । | মহাপরিচালক এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও<br>(গ) রেজিস্ট্রার ডিপিডিটি<br>(ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |
| ৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | **এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরের বাস্তবায়িত উন্নয়ন প্রকল্প গৃহীত কর্মসূচি নিম্নরূপঃ**<br><br>**সেমিনার:** এনপিও কর্তৃক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে জেলা পর্যায়ে ২০২১-২০২২ অর্থ বছরে ২৪টি সেমিনার আয়োজন করা হবে ।<br>**কর্মশালা:** এনপিও কর্তৃক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে ২০২১-২২ অর্থ বছরে ১৩টি কর্মশালার মধ্যে ০৮টি কর্মশালা (গাজীপুর, কুড়িগ্রাম, ময়মনসিংহ, চুয়াডাঙ্গা, রাজবাড়ী, মাগুড়া, নওগাঁ ও ফরিদপুর) জেলায় অনুষ্ঠিত হয়েছে।<br>**উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ:** ১৫টি প্রশিক্ষণের মধ্যে ০৬টি (রাঙ্গামাটি, নরসিংদী) প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে।<br>মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর ০৩টি সভা এবং ২টি স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ।<br><br>সভাপতি উন্নয়ন প্রকল্পের অনুষ্ঠিতব্য সেমিনার, কর্মশালার ও প্রশিক্ষণ পরবর্তী ফিডব্যাকের উপর প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক."ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে ।<br><br>খ. উন্নয়ন প্রকল্পের অনুষ্ঠিতব্য সেমিনার, কর্মশালার ও প্রশিক্ষণ পরবর্তী ফিডব্যাকের উপর প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) পরিকল্পনা অনুবিভাগ প্রশাসন শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও<br>(গ) পিডি এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | এপিও কর্তৃক ২০২১ প্রদত্ত অনুষ্ঠিত TESসেবা গ্রহণ নিম্নরূপঃ-<br>এনপিও কর্তৃক গৃহীত TES সেবা<br><br>"TES on Green Productivity for NPO Professionals" শীর্ষক প্রোগ্রামটি গত ২২-২৬ আগস্ট, ২০২১ তারিখে বাস্তবায়িত হয়েছে।<br><br>২। "TES on Productivity Measurement for NPO Professionals" শীর্ষক প্রোগ্রামটি গত ২৪-২৮ অক্টোবর, ২০২১ তারিখে বাস্তবায়িত হয়েছে।<br>প্রাণ আরএফএল গ্রুপ কর্তৃক গৃহীত ০২টি TES সেবা<br><br>৩। "TES on Industrial Engineering -Bangladesh" শীর্ষক প্রোগ্রামটি গত ৭-১১ নভেম্বর, ২০২১ তারিখে বাস্তবায়িত হয়েছে।<br><br>৪। "TES on Food Safety Management and Hazard Analysis Critical Control Points (HACCP)" শীর্ষক প্রোগ্রামটি আগামী ৬-১০ ডিসেম্বর, ২০২১ তারিখে বাস্তবায়িত করা হবে।<br><br>বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশ-এর প্রতিনিধি জনাব জোহা রহমান বলেন, এপিও হতে প্রাপ্ত TES সেবা গ্রহণের মাধ্যমে বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা উন্নয়নের পাশাপাশি পণ্য বা সেবার গুণগত মান নিশ্চিতকরণের গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। তিনি এপিও হতে আরো অধিক সংখ্যক TES সেবা গ্রহণ করার উপর মতামত ব্যক্ত করেন।<br><br>সভাপতি, এপিও কর্তৃক ২০২১ সালের প্রদত্ত TES সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান হতে ফিডব্যাক সংগ্রহ করা এবং ২০২২ সালের TES সেবা গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য মহাপরিচালক, এনপিও কে পরামর্শ প্রদান করেন। | ক. এপিও হতে ২০২১ সালে Technical Expert Service (TES) সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট হতে Feed Back সংগ্রহ করতে হবে।<br>খ. এপিও হতে আগামী ২০২২ সালের জন্য TES সেবা গ্রহণের প্রস্তাব প্রেরণ করার পদক্ষেপ গ্রহণের উদ্যোগ নিতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | এনপিও কর্তৃক বিভিন্ন ট্রেডবডির সাথে MOU স্বাক্ষর সংক্রান্ত এনপিও'র মহাপরিচালক জানান, উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য বিভিন্ন অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী নতুন প্রতিষ্ঠানসমুহের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আলোচনা চলমান রয়েছে। তিনি এনপিও কর্তৃক ০৮টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে এবং বর্ণিত ০৮টি সমঝোতা স্মারকের অনুচ্ছেদ সমূহের কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে ০৬ জন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি সেক্টর ভিত্তিক উৎপাদনশীলতা আন্দোলনকে বেগবান করার লক্ষ্যে এ ধরণের পদক্ষেপ সময়োপযোগি এবং প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে মর্মে মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে মত বিনিময় করাসহ ফলোআপ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে মত বিনিময় করাসহ ফলোআপ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | মহাপরিচালক, এনপিও সভায় জানান, উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তির জন্য চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে যোগাযোগ করা হয়েছে । সে প্রেক্ষিতে এনসিটিবির কার্যালয়ে প্রফেসর মশিউজ্জামানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করা হয়েছে । তিনি জানান যে, এনসিটিবি শিক্ষা কারিকুলামে নতুন বিষয় অন্তর্ভুক্তির জন্য একটি গ্রহণযোগ্য প্রক্রিয়া অনুসরণ করে । বর্তমানে প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের কাজ চলমান রয়েছে । যা ২০২২ সাল থেকে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে । এক্ষেত্রে উৎপাদনশীলতা বিষয়টি প্রাধান্য পাবে যা একটি ক্রসকাটিং ইস্যু হিসেবে ১ম হতে ১০ম শ্রেণীর জীবন ও জীবিকা শিখনক্ষেত্রে আওতাভুক্ত হবে । সভায় এ বিষয়ে গত ১৫ জুন ২০২১ তারিখে এনসিটিবি হতে পত্র পাওয়া গেছে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতি, এনপিও'র প্রস্তুতকৃত উৎপাদনশীলতা বিষয়ক Content টি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে অগ্রাধিকার ভিত্তিতে সহজে অন্তর্ভুক্তির জন্য এনসিটিবি এবং কারিগরি ও শিক্ষা বিভাগের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগের জন্য মহাপরিচালক এনপিওকে পরামর্শ প্রদান করেন । | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামের ২০২২ শিক্ষাবর্ষে উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তির জন্য এনসিটিবি-এর কার্যালয় এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কার্যালয়ের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী **National Productivity Master Plan 2021-2030** প্রণয়ন | Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে মহাপরিচালক, এনপিও সভাকে অবহিত করেন ।<br>ক. Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan এর উপর শিল্প মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা গত ২৯/০৭/২০২১ তারিখে নির্ধারণ করা হয় । কিন্তু অনিবার্য কারণবশত সভাটি অনুষ্ঠিত হয়নি । মাননীয় শিল্প মন্ত্রীর সানুগ্রহ সময় ও তারিখ পাওয়া সাপেক্ষে কর্মশালাটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে।<br><br>খ. Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 টি সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে ।<br><br>(গ) বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য খসড়া Action Plan তৈরি করা হয়েছে। এছাড়াও শিল্প মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়সহ সম্পৃক্ত বিভিন্ন ট্রেডবডি হতে খসড়া Action Plan এর উপর চূড়ান্ত মতামত পাওয়া গেছে । বর্ণিত খসড়া Action Planটি বই আকারে মুদ্রণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ।<br><br>নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন বলেন, এপিও কর্তৃক প্রণয়নকৃত ১০ বছর মেয়াদী Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 টি সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করায় এনপিও, শিল্প মন্ত্রণালয়কে স্বাগত জানান। শিল্প সচিব মহোদয় এপিও'র সম্মানিত চেয়ারপার্সন নির্বাচিত হওয়ায় কমিটির সকল সদস্যদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করছি । এ ছাড়াও সরকারের মিশন ও ভিশন বাস্তবায়নে যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের সাথে সমন্বয় করে প্রাইভেট পাবলিক পার্টনারশিপ (পিপিপি)'র মাধ্যমে উন্নয়ন প্রকল্প গ্রহণের উপর গুরুত্বারোপ করেন । | ক) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত Action Plan অনুযায়ী স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম গ্রহণ করতে হবে ।<br><br>খ) Master Plan এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও ফোকাল পয়েন্টগণকে নিয়ে পৃথক পৃথক সেমিনার, কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব ফয়জুর রহমান ফারুকী জানান, Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 যথযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে খসড়া Action Plan টি শিল্প মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয় হতে চূড়ান্ত মতামত পাওয়া গেছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে টার্গেট ভিত্তিক সেমিনার, কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করার মাধ্যমে Master Plan FY 2021-2030 বাস্তবায়নে স্বল্প মেয়াদী পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি প্রণয়নকৃত ১০ বছরের Master Plan-এর প্রস্তুতকৃত Action Plan অনুযায়ী স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও ফোকাল পয়েন্টগণকে স্বতঃস্ফূর্তভাবে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। পাশাপাশি বর্ণিত Action Plan-এর কার্যক্রম যথাযথ বাস্তবায়নে টার্গেটভিত্তিক সেমিনার, কর্মশালা,আলোচনা সভা আয়োজনসহ ফলোআপ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন।<br>সভাপিত Master Plan-এর প্রস্তুতকৃত Action Plan অনুযায়ী স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও ফোকাল পয়েন্টগণকে নিয়ে পৃথক পৃথক সেমিনার, কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করার জন্য অভিমত ব্যক্ত করেন। | | |
| ৯. | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২০ এর সনদপত্র ও ট্রফি বিতরণ আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে মর্মে মহাপরিচালক সভাকে অবহিত করেন। তিনি এনপিও'র প্রাথমিক যাচাই কমিটি কর্তৃক জমাকৃত আবেদন ফরম যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন করা হয়েছে এবং অ্যাওয়ার্ড মূল্যায়ন কমিটির ১ম সভা আহবানের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে জানান। তিনি আরো জানান যে, অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ অনুযায়ী মূল্যায়ন কমিটি ও জুরি বোর্ড-এর সদস্য সচিব এনপিও'র পরিচালক। কিন্তু পরিচালক পদে কোন কর্মকর্তা না থাকায় বর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য সভা আহবানসহ অন্যান্য কাজ বিলম্বিত হচ্ছে।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের কার্যক্রম যথাসময়ে শেষ করার জন্য এনপিও, পরিচালক পদে মন্ত্রণালয় বা এনপিও হতে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করার পরামর্শ প্রদান করেন। | এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ যথাসময়ে প্রদানের যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | সভায় ষান্মাসিক এনপিও বার্তার মান উন্নয়নে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত কমিটি সঠিকভাবে বিচার-বিশ্লেষণ করে ৯ম সংখ্যা মুদ্রণের কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে মহাপরিচালক, এনপিও জানান। তিনি ষাণ্মাসিক বার্তা মুদ্রণের পর যথাযথভাবে বিতরণ করা হয় মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি ষান্মাসিক উৎপাদনশীলতা বার্তার মান যাচাই বাছাই করে মুদ্রণ করার জন্য গঠিত কমিটির সকল সদস্যকে পরামর্শ প্রদান করেন। | ষাণ্মাসিক এনপিও'র বার্তার মান উন্নয়নে অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর নেতৃত্বে গঠিত কমিটি সঠিকভাবে বিচার-বিশ্লেষণ করে নিয়মিত এনপিও বার্তা প্রকাশ করার প্রয়োজনীয় | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | **এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণাঃ**<br>"Effectiveness of Productivity Improvement Training Program of NPO" শীর্ষক গবেষণার চূড়ান্ত প্রতিবেদন শিল্প মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে।<br><br>**চামড়া শিল্পের উপর গবেষণা**<br>"Bangladesh Leather Sector- Condition, Challenges and strategies" শীর্ষক গবেষণার চূড়ান্ত প্রতিবেদন শিল্প মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে।<br><br>মহাপরিচালক এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে মত ব্যক্ত করেন।<br><br>ডিসিসিআই এর প্রতিনিধি রাশেদুল করিম মুন্না বলেন, আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে উৎপাদনশীলতা বাড়াতে শিল্প ও সেবা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করার জন্য গবেষণার কোন বিকল্প নেই বিধায় উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা করা প্রয়োজন।<br><br>সভাপতি প্রতিটি দপ্তর/সংস্থাকে আলাদা আলাদা করে গবেষণা কার্যক্রম পরিচালনা করার কথা বলেন। তিনি আরো বলেন এনপিও হলো একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠান এবং এর কাজই হল গবেষণা করা। সরকারের পাশাপাশ বেসরকারি প্রতিষ্ঠানে ও গবেষণা করার কথা বলেন। এ ক্ষেত্রে তিনি এনপিও'র ডিজি মহোদয়কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি কার্যক্রম পরিচালনা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) অতিরি[ক্ত] সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) চেয়ারম্যান বিসিক<br><br>(গ) মহাপরিচালক এনপিও |
| ১২ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে **Material Flow Cost Accounting (MFCA)** বাস্তবায়ন | **Material Flow Cost Accounting (MFCA)**<br><br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (নাটোর সুগার মিলস, রাজশাহী সুগার মিলস ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ MFCA বাস্তবায়নের লক্ষ্যে এপিও কর্তৃক **Mr. Wichai Chattinnawat** কে নিয়োগ করা হয়েছে।<br><br>**১ম ধাপঃ** গত ২৬ জানুয়ারি ২০২০ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাস্তবায়ন করা হয়।<br><br>**২য় ধাপঃ** কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারনে গত ২৩-২৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের মাধ্যমে ২য় ধাপ অনলাইনে সম্পন্ন হয়েছে।<br><br>৩য় **ধাপঃ** নভেম্বর ২০২১-এর শেষ সপ্তাহে ৪র্থ ধাপের কার্যক্রম সম্পন্ন হবে। এ অনলাইন সভা প্লাটফরমে **MFCA** চতুর্থ ধাপের প্রস্তুতমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>বর্ণিত বিষয়ে আগামী ২০ ডিসেম্বর ২০২১ ভার্চুয়াল কর্মশালার মাধ্যমে কার্যক্রম সম্পন্ন হবে মর্মে মত ব্যক্ত করেন।<br>(গ)বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়ন করার লক্ষ্যে এনপিও হতে পত্র প্রেরণ করা হয়েছে। বিএসইসির আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের MFCA বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | (ক) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA এর পাশাপাশি গবেষণা কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ক) মহাপরিচালক এনপিও<br><br>(খ) চেয়ারম্যান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br><br>(গ) চেয়ারম্যান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবিএস হতে প্রয়োজনীয় তথ্য সম্বলিত Labor force survey প্রকাশের কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করার অনুরোধ জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনপিও হতে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিবিএসকে পত্র প্রেরণ করা হয় । উক্ত পত্রের প্রেক্ষিতে বিবিএস এ বিষয়ে যথাযথ প্রকল্প গ্রহণ করেছে বলে শিল্প মন্ত্রণালয় ও এনপিওকে লিখিতভাবে জানিয়েছেন ।<br><br>এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস এর সাথে যোগাযোগ অব্যাহত আছে । সভাপতি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার পাশাপাশি অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম অন্তর্ভূক্ত হওয়ার জন্য মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন । | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস-এর সাথে যোগাযোগ রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্য চিত্র প্রচার | জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উপলক্ষ্যে বিটিভিতে প্রামাণ্য অনুষ্ঠান সম্প্রচার করা হয়েছে এবং উৎপাদনশীলতা বিষয়ক নিয়মিত অনুষ্ঠান সম্প্রচারের ব্যাপারে মহাপরিচালক-এর কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে ।<br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং দেশের সামগ্রিক উন্নয়নমূলক কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য এনপিওসহ শিল্প মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার ভূমিকার উপর গুরুত্বারোপ করেন । তিনি তথ্যবহুল প্রামাণ্য চিত্র প্রস্তুতসহ সম্প্রচারের জন্য বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণের ব্যাপারে মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য তথ্যবহুল প্রামাণ্য চিত্র প্রস্তুত ও সম্প্রচার করতে হবে । | মহাপরিচালক এনপিও |
| ১৫ | কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তীতে শিল্প সেক্টরের ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম | বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর মহাপরিচালক এবং পরিচালক, এনপিও'র উপস্থিতিতে গত ০৬/০৬/২০২১ তারিখে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে । এ বিষয়ে সিনিয়র গবেষকের তত্ত্বধানে এনপিও হতে মনোনীত ০২ জন কর্মকর্তা এবং বিআইএম'র মনোনীত ০২ জন কর্মকর্তা সমন্বয়ে বর্ণিত গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। এছাড়াও বর্ণিত গবেষণা কার্যক্রম পরিচালনার সুবিধার্থে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের Industry & Labour Wing-এর সাথে যোগাযোগ করা হয়েছে ।<br>সভাপতি কোভিড-১৯ করোনা ভাইরাস পরবর্তী গবেষণার উপর কনসেপ্ট পেপার প্রস্তুত হয়েছে কিনা এনপিও মহাপরিচালকের নিকট জানতে চান । এ প্রেক্ষিতে মহাপরিচালক, এনপিও বলেন যে, বর্ণিত বিষয়ে কনসেপ্ট পেপার প্রস্তুতের কার্যক্রম নেওয়া হয়েছে । মহাপরিচালক, বিআইএম বাজেটের স্বল্পতার বিষয়টি উল্লেখ করলে সভাপতি সংশোধিত বাজেট হতে অর্থের সংকুলান করার পরামর্শ প্রদান করেন । | সিনিয়র গবেষকের তত্ত্বধানে এনপিও হতে মনোনীত ০২ জন কর্মকর্তা এবং বিআইএম'র মনোনীত ০২ জন কর্মকর্তা সমন্বয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে। | (ক) মহাপরিচালক বিআইএম<br><br>(খ) মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সংশোধন | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলছে।<br>সভাপতি ২০২০ সালের অনুমোদিত অ্যাওয়ার্ড নীতিমালা কতটুকু সংশোধন প্রয়োজন বা এ ক্ষেত্রে সুনির্দিষ্ট যুক্তিযুক্ত কারণ আছে কিনা সে বিষয়ে মহাপরিচালকের কাছে জানতে চান । এ প্রেক্ষিতে মহাপরিচালক অ্যাওয়ার্ড ২০১৯ প্রদানে চূড়ান্তভাবে অনুমোদনকারী জুরিবোর্ড কর্তৃক ১টি সিদ্ধান্ত নেওয়া হয়েছিল মর্মে জানান । উক্ত সিদ্ধান্তে অ্যাওয়ার্ডের জন্য আবেদনকারী প্রার্থীর বিরুদ্ধে কোন মামলা ফৌজদারী অপরাধের জন্য কোন আদালত কর্তৃক দন্ডিত কিংবা কোন মামলায় বিচারাধীন/তদন্তাধীন আছে কিনা জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে তথ্য সংগ্রহ করার বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না বিধায় অ্যাওয়ার্ড নীতিমালায় উক্ত বিষয়টি অন্তর্ভুক্ত করে সংশোধন পূর্বক অ্যাওয়ার্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২০ নীতিমালা ঘন ঘন পরিবর্তনের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয় বিধায় যেকোন নীতিমালা তৈরির ক্ষেত্রে স্টেকহোল্ডারদের একাধিক মতবিনিময় সভা করার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়ার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন । এ বিষয়ে এনপিও'র মহাপরিচালককে আরো যাচাই বাছাই করে নীতিমালা সংশোধনের উদ্যোগ নেওয়ার পরামর্শ প্রদান করেন । | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০-এর পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ দ্রুত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | সভায়, এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকারী রিসোর্স পারসনের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে জানান। তিনি বর্ণিত ট্রেইনার পুলের কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে বলে সভায় অভিহিত করেন ।<br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল কমিটিকে নীতিমালার কাজ দ্রুত সম্পন্ন করে দেশের এবং বিদেশের বিশেষজ্ঞের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও'র মহাপরিচালককে পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের নীতিমালা দ্রুত প্রণয়ন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৮ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | মহাপরিচালক জানান, উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়সহ বিভিন্ন স্টেকহোল্ডারদের নিয়ে একটি মতবিনিময় সভা করার উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার লক্ষ্যে দ্রুত সময়ে স্টেকহোল্ডারদের নিয়ে একাধিক মতবিনিময় সভা আহবান করার উপর গুরুত্বারোপ করেন । উৎপাদনশীলতা আইন যেন মার্জিত, সময়োপযোগী ও বাস্তবায়নযোগ্য হয় সেদিকে বিশেষভাবে সুদৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন । | ক. উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ. এনপিও কর্তৃক খসড়া উৎপাদনশীলতা বিষয়ক আইনের উপর মতবিনিময় সভা আয়োজন করতে হবে। | মহাপরিচালক এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

28/07/2021

(জাকিয়া সুলতানা)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)